ভোট প্রদানের জন্য আপনার সনাক্তকরণ পরিচয়সমূহ প্রস্তুত রাখুন

আপনার সনাক্তকরণ এবং ঠিকানা প্রমাণের জন্য বেছে নেওয়ার তিনটি উপায়

বিকল্প 1

নিম্নের সনাক্তকরণের যে কোন একটি প্রদর্শণ করুন:

- আপনার **ড্রাইভার লাইসেন্স**,
- আপনার ছবি, নাম এবং বর্তমান ঠিকানা সহ কানাডীয় সরকার (ফেডারেল, প্রাদেশিক/আঞ্চলিক বা স্থানিয়) দ্বারা প্রদত্ত যে কোন অন্য কার্ড

বিকল্প 2

+

দুইটি সনাক্তকরণ পরিচয়সমূহ প্রদর্শণ করুন

উভয়তে আপনার নাম থাকতে হবে এবং অন্ততঃ একটিতে আপনার বর্তমান ঠিকানা থাকতে হবে

উদাহরণ স্বরুপ:

- ভোটার তথ্য কার্ড এবং ব্যাংক স্টেটমেন্ট
- ইউটিলিটি (যথা বিদ্যুৎ, পানি) বিল এবং ছাত্র/ছাত্রি সনাক্তকরণ কার্ড

এগুলো নেই? কোন সমস্যা নেই!

বিকল্প 2-এর জন্য নিম্নের **গ্রহণযোগ্য সনাক্তকরণের (আই ডির) তালিকা** দেখুন

From a government or government agency	একটি সরকার বা সরকারি সংস্থা হতে
• band membership card	• ব্যান্ড সদস্যতা কার্ড
• birth certificate	• জন্ম সনদপত্র
• Canadian citizenship card or certificate	• কানাডীয় নাগরিকত্বের কার্ড বা সনদপত্র
• Canadian Forces identity card	• কানাডীয় সামরিক পরিচয় পত্র
• Canadian passport	• কানাডীয় পাসপোর্ট
• card issued by an Inuit local authority	• একটি আঞ্চলিক ইনুইট কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত কার্ড
• firearms licence	• আগ্নেয়াস্ত্রের লাইসেন্স
• government cheque or cheque stub	• সরকারী চেক বা চেকের অংশবিশেষ
• government statement of benefits	• সুবিধাসমূহের সরকারী লিখিত হিসাব (স্টেটমেন্ট)
• health card	• স্বাস্থ্য কার্ড
• income tax assessment	• আয়কর নির্ধারণী বিবরণ (এ্যাসেসমেন্ট)
• Indian status card or temporary confirmation of registration	• ইন্ডিয়ান পদমর্যাদা কার্ড বা নিবন্ধনের অস্থায়ী নিশ্চিতকরণ
• library card	• পাঠাগার কার্ড
• licence or card issued for fishing, trapping or hunting	• মাছ ধরা, শিকার করা বা ফাঁদে ধরার জন্য লাইসেন্স বা কার্ড

Elections Canada

• liquor identity card	• সুরা (লিকার) সনাক্তকারী কার্ড
• Métis card	• মীটিস কার্ড
• old age security card	• বার্ধক্য নিরাপত্তা (সিকিউরিটি) কার্ড
• parolee card	• বন্দীর শর্তাধীন মুক্তির কার্ড
• property tax assessment or evaluation	• সম্পত্তির করের নির্ধারণী বিবরণ (এ্যাসেসমেন্ট) বা মূল্যায়ন
• public transportation card	• গণপরিবহন কার্ড
• social insurance number card	• সোশাল ইন্সুরেন্স নম্বর কার্ড
• vehicle ownership	• যানবাহনের মালিকানা
• Veterans Affairs health care identification card	• যুদ্ধপ্রবীণ বিষয় স্বাস্থ্য সেবা পরিচয় পত্র
From Elections Canada	**ইলেকশান্স কানাডা হতে**
• targeted revision form to residents of long-term care institutions	• দীর্ঘকালীন সেবা প্রতিষ্ঠানসমূহে বসবাসকারীর উদ্দেশ্যে সংশোধনী ফরম
• voter information card	• ভোটার তথ্য কার্ড
From an educational institution	**একটি শিক্ষা প্রতিষ্ঠান হতে**
• correspondence issued by a school, college or university	• বিদ্যালয়, মহাবিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় হতে জারিকৃত যোগাযোগের চিঠি পত্র
• student identity card	• ছাত্র/ছাত্রী পরিচয় পত্র
From a health care facility or organization	**একটি স্বাস্থ্য সেবা কেন্দ্র বা সংগঠন হতে**
• blood donor card	• রক্ত দাতা কার্ড
• CNIB card	• সি.এন.আই.বি কার্ড
• hospital card	• হাসপাতাল কার্ড
• label on a prescription container	• প্রেসক্রিপশান ঔষধের কৌটার লেবেল
• identity bracelet issued by a hospital or long-term care institution	• হাসপাতাল বা দীর্ঘকালীন সেবা সংস্থা দ্বারা প্রদত্ত সনাক্তকারী ব্রেসলেট
• medical clinic card	• মেডিকেল ক্লিনিক কার্ড
From a financial institution	**একটি আর্থিক প্রতিষ্ঠান হতে**
• bank statement	• ব্যাংকের লিখিত হিসাব (স্টেটমেন্ট)
• credit card	• ক্রেডিট কার্ড
• credit card statement	• ক্রেডিট কার্ডের লিখিত হিসাব (স্টেটমেন্ট)
• credit union statement	• ক্রেডিট ইউনিয়ান লিখিত হিসাব (স্টেটমেন্ট)
• debit card	• ডেবিট কার্ড

• insurance certificate, policy or statement	• বীমা সনদপত্র, পলিসি বা লিখিত হিসাব (স্টেটমেন্ট)
• mortgage contract or statement	• বন্ধকের চুক্তি বা লিখিত হিসাব (স্টেটমেন্ট)
• pension plan statement	• অবসরভাতা প্ল্যান লিখিত হিসাব (স্টেটমেন্ট)
• personal cheque	• ব্যক্তিগত চেক
From a private organization	**একটি বেসরকারি প্রতিষ্ঠান হতে**
• employee card	• কর্মচারী কার্ড
• residential lease or sub-lease	• আবাসিক ভাড়ার চুক্তি বা উপ-চুক্তি
• utility bill (e.g.: electricity; water; telecommunications services including telephone, cable or satellite)	• ইউটিলিটি বিল (যথা বিদ্যুৎ, পানি, টেলিযোগাযোগ সেবাসমূহ যাতে অন্তর্ভূক্ত আছে টেলিফোন, কেবল বা সেটেলাইট)
Letters of confirmation	**নিশ্চিতকরণ পত্রসমূহ**
• letter from a public curator, public guardian or public trustee	• পাব্লিক তত্বাবধায়ক, পাব্লিক অভিভাবক বা পাব্লিক ন্যাসরক্ষক হতে পত্র
• letter of confirmation of residence from a First Nations band or reserve or an Inuit local authority	• ফার্স্ট নেশান সমষ্টি বা এলাকা অথবা ইনুইট স্থানীয় কর্তৃপক্ষ হতে বসবাসের অনুমোদনের পত্র
• letter of confirmation of residence, letter of stay, admission form, or statement of benefits from one of thefollowing designated establishments: − student residence − seniors' residence − long-term care institution − shelter − soup kitchen − a community-based residential facility	• নিম্নে বর্ণিত যে কোন একটি নির্দিষ্ট সংস্থাসমূহ হতে আবাসিক নিশ্চিতকরণ পত্র, অবস্থান পত্র, ভর্তির ফরম বা সুবিধাসমূহের লিখিত হিসাব (স্টেটমেন্ট) –ছাত্রাবাস –প্রবীনদের আবাস –দীর্ঘকালীন সেবা সংস্থা –আশ্রয় –লঙ্গরখানা –সম্প্রদায়-ভিত্তিক আবাসিক কেন্দ্র

অতিরিক্ত সনাক্তকরণ পরিচয়সমূহ যুক্ত করা যেতে পারে। আমরা ই-স্টেটমেন্ট এবং ই-ইনভয়েসসমূহ গ্রহন করি। সেগুলো প্রিন্ট করুন বা মোবাইল ফোনে প্রদর্শন করুন।

বিকল্প 3

+

যদি আপনার সনাক্তকরণ পরিচয়পত্রে না থাকে

আপনি ভোট তবুও দিতে পারবেন যদি আপনি লিখিত ভাবে আপনার পরিচয় এবং ঠিকানা প্রত্যায়ন করেন এবং এমন কেউ আপনার জন্য সাক্ষী হন যিনি আপনাকে চেনেন এবং আপনার ভোট কেন্দ্রে নির্ধারিত আছেন।

যিনি আপনাকে প্রত্যায়ন করছেন, তার নিজের সনাক্তকরন এবং ঠিকানা প্রমাণ করতে পারতে হবে। একজন ব্যাক্তি শুধুমাত্র এক জন ব্যক্তির জন্য প্রত্যায়ন করতে পারবেন (দীর্ঘকালীন সেবা সংস্থায়ে ব্যাতিত)

গ্রহণযোগ্য সনাক্তকরণের সম্পূর্ণ তালিকা নানা ভাষায় **elections.ca** তে প্রাপ্য।

অন্যান্য ফরম্যাট, যথা ব্রেইল এবং অডিও-র জন্য **1-800-463-6868**-এ ফোন করুন।